গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

**২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' পালনের বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কানিজ মওলা<br>সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৬ জুন ২০২৬, সকাল ১১.০০টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ ও অনলাইনে সংযুক্ত। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর তিনি সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিগণকে স্ব স্ব পরিচয় দেয়ার অনুরোধ জানান। পরিচয় পর্ব শেষে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বলেন জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী পালন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী (২৩ - ২৫ মে, ২০২৬) অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ময়মনসিংহের ত্রিশালে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি উক্ত অনুষ্ঠান উদ্বোধন করেন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের ঘোষণা প্রদান করেছেন। উক্ত ঘোষণা অনুযায়ী ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালন করা প্রয়োজন।

সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আইরীন ফারজানা বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম আমাদের গর্ব। তাঁর অমর সৃষ্টি আমাদের সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নজরুল বর্ষ ঘোষণা অত্যন্ত সময়োপযোগী পদক্ষেপ। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের বিষয়ে সকলকে মতামত প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের বিষয়ে একমত পোষণ করেন।

০২। অত:পর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা হতে আগত প্রতিনিধিগণ নিম্নোক্ত মতামত ব্যক্ত করেনঃ

(১) অর্থ বিভাগের উপসচিব বলেন, নজরুল বর্ষ পালনের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ বিভাগে একটি প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অর্থ বিভাগ হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

(২) কারিগরি ও মাদ্রসা শিক্ষা বিভাগ এর যুগ্মসচিব জানান, শিক্ষার্থীরা বাংলাদেশের আগামী দিনের কর্ণধার। নজরুলের স্মরণে নজরুল বর্ষ পালনে শিক্ষার্থীদের জন্য সাহিত্য, সংগীত, কবিতা ইত্যাদি বিষয়ে প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে।

(৩) স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের প্রস্তাবে একমত পোষণ করেন।

(৪) মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব বলেন, ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের উদ্যোগ একটি প্রশংসনীয় পদক্ষেপ। নজরুলের জীবনদর্শনের গভীরতা ও তাৎপর্যকে তৃণমূল পর্যায়ে বিস্তারের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে উৎসব আয়োজন করা যেতে পারে। নজরুল বর্ষ পালনের জন্য প্রস্তাব পাওয়া গেলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৫) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব বলেন, ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের বিষয়ে কারো কোন দ্বি-মত নেই। তিনি নজরুল বর্ষের বিভিন্ন আয়োজনে সরকারি শিশু পরিবার ও বৃদ্ধানিবাসসমূহকে সংযুক্ত করার অনুরোধ জানান।

(৬) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে একমত পোষণ করেন। তিনি নজরুল বর্ষ পালনের বিভিন্ন কার্যক্রমে শারীরিক শিক্ষা কলেজসমূহ এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)কে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান।

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের বিষয়ে একমত পোষণ করেন। তিনি আরো বলেন এ আয়োজনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে আইন-শৃঙ্খলার বিষয়ে সার্বিক সহযোগিতা করা হবে।

(৮) এছাড়া উন্মুক্ত আলোচনায় উপস্থিত সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে একটি গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণ করা হবে।

০৩। সভাপতি উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের বিষয়ে তাঁদের মূল্যবান মতামত ও পরামর্শ দিয়ে সহযোগিতা করায় আন্তরিকভাবে ধন্যবাদ জানান এবং আর কোনো আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১৬/৬/২০২৬
কানিজ মওলা
সচিব

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬ (অংশ-১)-৪৭০

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ / ১৬ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
১২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

**দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. নির্বাহী পরিচালক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (অনুষ্ঠান)/যুগ্মসচিব (প্রশাসন)/যুগ্মসচিব (শিল্পকলা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. অফিস কপি।

১৬/৬/২০২৬
(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd